house which served to teach him gesture; and at which he used to declaim before he spoke in public. To correct a fault, which he had contracted by an ill habit of shrugging up his shoulders, he placed over him a halberd, in such a manner, that if, in the heat of action, that motion escaped him, the point of the weapon might serve to admonish and correct him.

His application to study was no less surprising. To be the more removed from noise, and less subject to distraction, he shut himself up in a small room under ground, sometimes for months together. There, by the light of his lamp, he composed those admirable orations, which were said, by those who envied him, "to smell of the oil."

He was constantly very early in the morning, and used to say, that he was very sorry when any workman was up before him.

We may further judge of his extraordinary eff[illegible] to acquire excellence of every kind, from the [illegible] he took in copying the best Grecian [illegible] eight times with his own hand, in order [illegible] the style of that great author familiar to him. [illegible] these extraordinary exertions he carried the [illegible] declaiming to the highest degree of perfecti[illegible]

কখান আদর্শ ছিল তাহা সম্মুখে রাখিয়া আপনি মুদ্রা শিক্ষিতেন, বং যে কোন কথা লোকেরদের সাক্ষাৎকারে কহিতে হবে তাহা অগ্রে আদর্শের সম্মুখে বার শিক্ষিত হইয়া পশ্চাৎ লোকেরদের নিকটে কহিতেন. এবং কথা কহিবার কালে তাহার এক স্কন্ধ নৃত্য করিত, এই দোষ দূর করিতে ঘরের আড়াতে এক তলোবার ঝুলাইয়া তাহার নীচে নিত্য কথা কহিতেন, যখন স্কন্ধ উপরে যাইত তখন তলোয়ারের হূল তাহার স্কন্ধে লাগিত, এই রূপে আপন সেই কদভ্যাস দূর করিলেন.

তিনি বিদ্যাভ্যাসের জন্যে অত্যাশ্চর্য্য পরিশ্রম করিতেন, ও লোকালয়ে কোলাহলপ্রযুক্ত শিক্ষা ব্যাঘাত ভয়ে, মৃত্তিকার মধ্যে গৃহ করিয়া, সেখানে প্রদীপ জ্বালিয়া অনেক কালপর্য্যন্ত থাকিয়া বিদ্যাভ্যাস করিতেন, ও সে স্থানে রহিয়া এই মত কাব্য রচনা করিয়াছিলেন যে লোকেরা কহিত যে সে কাব্য তৈলের গন্ধময়.

তিনি প্রতিদিন অতিপ্রত্যুষে উঠিতেন, ও অন্য লোক আপনত অগ্রে উঠিয়া কার্য্য করিলে তিনি খেদ করিতেন.

আপন সদ্বক্তৃতা নৈপুণ্যের কারণ যে মহোদ্যোগ করিইহাতেও দেখা যায় যে তিনি গ্রীকেরদের সকলহই পুর্ব্ববৃত্তান্ত গ্রন্থ তিনি আপন হস্তে আটবার লিখিলেন, রন এই যে তিনি গ্রীকেরদের প্রাচীন ধারা ও বর্ম্ম বারং করিয়া আপনি পরিপক্ব হন.　　এত পরিশ্রমের ফল

which it was capable, insomuch, that all Greece came in crowds to Athens to hear him speak.

1820 c 82 3

Dig-Durshun,

OR THE

INDIAN YOUTH'S MAGAZINE.

No. XIII.

January, 1820.

Dig-Durshun.

No. XIII. JANUARY, 1820. Vol. II.

Continuation of the History of Hindoost'han.

Of the reign of Jenghis-khan.

THOUGH Jenghis-khan made no permanent establishment in India, yet as by overturning the empire of Kharazm to which the Gujnivide provinces of Hindoost'han were subject he was led to interfere in its affairs, and as he was besides one of the mightiest conquerors who have ever appeared in Asia, we shall detail his history at some length.

The rise of Jenghis-khan's empire is one of the most surprizing occurrences in history, whether we consider its extent, or the rapidity of his progress. It was thought that the Arabs had carried conquest to its utmost stretch; but Jenghis-khan far exceeded them, since in a few years he extended his dominions from a small territory to so amazing a size, that the mind is bewildered in running over the various nations differing so widely in language, habits, and manners, which acknowledged his sway.

দিগ্দর্শন.

২ খণ্ড. জানুআরি, ১৮২০. ১৩ ভাগ.

হিন্দুস্থানের অবশিষ্ট ইতিহাস.

জঙ্গীসখাঁয়ের রাজ্য.

ভারতবর্ষে জঙ্গীস খাঁ চিরস্থায়ি কোন রাজ্য স্থাপন করেন নাই, তথাপি কারাজিম রাজ্য ভ্রষ্ট করাতে তদন্তঃপাতি গজনেনের রাজ্যের অন্তর্গত হিন্দুস্থানের উপরে তাহার হস্ত দিতে হইল, এইপ্রযুক্ত; এবং আসিয়ার মধ্যে তিনি অত্যন্ত জয়শীল বীর ছিলেন তৎপ্রযুক্ত তাহার বিবরণ বিস্তার ক্রমে লিখি.

জঙ্গীস খাঁয়ের রাজ্যের আয়ততা এবং তাহার গমনের বেগ মনে করিলে জ্ঞান হয় যে প্রাচীন বিবরণের মধ্যে তাহার রাজ্যের উৎপত্তি আশ্চর্য্য. আমরা পূর্ব্বে ভাবিতাম যে আরবীয়েরা দেশ জয় করণে অদ্বিতীয় ছিল; কিন্তু জঙ্গীসখাঁয়ের আগে তাহারা গণ্য নয়, যেহেতুক তিনি পৈতৃক অল্পাধিকার প্রাপ্ত হইয়া অল্প দিনে এমত আপন রাজ্য বাড়াইলেন, যে ভাষাতে ও চলনে ও ব্যবহারে ভিন্ন২ তাহার অধিকৃত নানা দেশের বিষয় ভাবিতে হইলে আমারদের মন ব্যাকুল হয়.

The Moguls like all other nations have feigned a divine origin for their chief. His ancestors were however of human origin, and several of them were famous for their military achievements. The territory they bequeathed to him in a part of Tartary, was by no means considerable, and on his accession to the throne, was attacked by the surrounding princes. With the assistance of his mother however, he completely defeated them, though he was then only thirteen years of age. This event happened in the year 1178, from which time we hear nothing of him till he was forty, owing probably to the ravages which time has made in the history of his achievements.

The Tartars at this time were subdivided into a great number of tribes, the chiefs of which were independent of each other, and were engaged in perpetual hostilities. Of these Vang-khan the father-in-law of Jenghis-khan, was one of the most powerful; several of the neighbouring chiefs having confederated against and dethroned him, Jenghis-khan collecting all his troops went to his assistance and gained a complete victory over them, in which six thousand men were slain. Immediately after the battle, he ordered seventy large caldrons of water to be placed on the fire and the principal rebels to be thrown in headlong; then plundering their dwellings he carried all the inhabitants into slavery. From the

অন্যং দেশীয়েরদের মত মোগলেরা জঙ্গীসখাঁকে দেবজাত করিয়া কল্পনা করিয়াছে; কিন্তু তাহার পূর্ব্বপুরুষেরা মনুষ্যজাত ছিল, তাহারদের মধ্যে কেহং যুদ্ধে খ্যাত ছিল. তাতার দেশে তাহার পৈতৃক অধিকার অত্যল্প ছিল; তিনি সেই অধিকারে রাজত্ব করিতে বসিলে তাহার চতুর্দিকস্থ লোকেরা তাঁহার উপরে যুদ্ধার্থে আক্রমণ করিতে লাগিল; কিন্তু তিনি ত্রয়োদশ বর্ষবয়স্ক হইয়া ও আপন মাতার আনুকূল্যে তাহারদিগকে স্বচ্ছন্দে জয় করিলেন. এই জয় ১১৭৮ সালে হইল; তদবধি তাহার চল্লিশ বৎসরবয়স্ক হওয়াপর্য্যন্ত তাহার কোন বিবরণ নাই, হইতে পারে যে কালের গ্রাসেতে তাহার বিবরণ লুপ্ত হইয়াছে.

তৎকালে তাতারীয় লোকেরা নানা জাতিতে বিভিন্ন ছিল। তাহারদের অধ্যক্ষেরা স্বাধীন ছিল কিন্তু তাহারা পরস্পর নিত্য বিরোধাচারী. তাহার মধ্যে জঙ্গীসখাঁয়ের শ্বশুর বাঙখাঁ সকল হইতে পরাক্রমী; পরে তাহার চতুর্দিকস্থ রাজারা সকলে এক বাক্য হইয়া তাহাকে রাজ্যভ্রষ্ট করিল; জঙ্গীসখাঁ আপন সকল সৈন্য একত্র করিয়া আপন শ্বশুরের সাহায্যার্থে গিয়া তাহারদিগকে জয় করিলেন; সেই যুদ্ধে ছয় হাজার লোক মারা পড়িল. ঐ যুদ্ধ সমাপ্ত হইবামাত্র তিনি সত্তরি বৃহৎ হাঁড়া জল অগ্নির উপরে রাখিতে আজ্ঞা করিলেন, ও তাহার মধ্যে প্রধানং বিপক্ষেরদিগকে নিক্ষেপ করিলেন; পরে তাহারদের তাবৎ গৃহ ও দ্বার লুট করিয়া ইতর প্রজা লোকেরদিগকে দাস করিলেন.

year 1202 to the year 1209 he was employed in subduing the various tribes of his own nation in Tartary; even the mention of whose names we must avoid, as they are so numerous and uncouth, that the reader's patience would inevitably be tired. His first achievement was the dethronement of the Great Khan, who had laid a plot for his life. This brought the greater part of the princes of Tartary against him, but such was the valor of his arms that he gradually subdued them all, and annexed their territories to his own.

In the year 1206, Jenghis-khan, perceiving the vast extent of his dominions, made preparations for being installed Grand Khan of the Tartars and Moguls. This was performed with all imaginable splendor. His name before this event had been Timu-jin; but it was now changed to Jenghis-khan. The inferior Khans of Tartary who were assembled, gave over to him all the territory he had conquered and confirmed it to his family. Having thus collected under his banners the majority of the petty chiefs of the vast country of Tartary, he determined to throw off the yoke of China, to which, even the proud princes of Tartary had for many years been subject, though the sovereignty was simply nominal.

অপর তিনি ১২০২ সাল অবধি ১২০৯ সাল পর্য্যন্ত তাতার দেশে আপন জাতীয় লোকেরদিগকে পরাজয় করিলেন; ঐ লোকেরদের নাম আমরা পরিহার করিলাম; যেহেতুক সে বহুসংখ্যক ও অনুচ্চার্য্য অতএব তাহারদের বিবরণ লিখিলে কেবল পাঠকেরদের পরিশ্রমমাত্র. তাহারদের মধ্যে এক জন মহাখাঁ নামে খ্যাত, সে জঙ্গীস খাঁয়ের প্রাণহননেচ্ছু ছিল, অতএব সে ব্যক্তির রাজ্য ভুক্ত করা জঙ্গীসখাঁয়ের প্রথম কীর্ত্তি. ইহাতে তাতারীয় তাবৎ রাজারা জঙ্গীসখাঁয়ের বিপরীতে উঠিল; কিন্তু জঙ্গীস খাঁয়ের অস্ত্রের এমত পরাক্রম ছিল, যে তিনিতাহারদের সকলকে ক্রমে২ পরাস্ত করিলেন ও তাহারদের প্রত্যেক রাজ্য আপন রাজ্যসম্মিলিত করিলেন.

১২০৬ সালে জঙ্গীসখাঁ আপন অধিকারের মহত্ত্বাবলোকন করিয়া তাতার ও মোগল জাতিরদের মধ্যে মহাখাঁ পদে আপন অভিষেকার্থ আয়োজন করিতে লাগিলেন; পরে মহৈশ্বর্য্য পূর্ব্বক মহাখাঁখ্যাতিপ্রাপ্ত হইলেন. ইহার পূর্ব্বে তাঁহার নাম তিমুজিন ছিল, কিন্তু তদবধি তিনি জঙ্গীসখাঁ নামে খ্যাত হইলেন. সে কালে তাতারীয় ক্ষুদ্র২ অধ্যক্ষেরা একত্র হইয়া স্বস্বপ্রদেশ জঙ্গীসখাঁকে ও তাহার বংশের প্রতি স্বেচ্ছাপূর্ব্বক সমর্পণ করিল. তিনি মহাতাতার দেশের ক্ষুদ্র২ অধ্যক্ষেরদের অধিক ভাগ এই মত আপন পতাকার নীচে একত্র করিয়া চীন দেশাধিপতির গ্রীবার যুগ নামাইতে স্থির করিলেন; যেহেতুক অনেক কালাবধি তাতার দেশের অহঙ্কৃত রাজারাও চীনাধিপতির অধীন ছিল কিন্তু সে নামমাত্র.

In subduing Tartary, Jenghis-khan had only to meet the armies of his adversaries in the field; since it possessed few fortified cities: but China and the countries to the east and south, were filled with forts and strong places, which detained him so long that eight years were consumed in conquering them. The contest was likewise more bloody and cost a greater number of lives. The Chinese emperor was able at one time to bring a hundred thousand men into the field; and on this occasion he defeated Jenghis-khan, who however soon retrieved his loss. In the year 1214, he laid waste a great part of China, took ninety cities, and sent all their wealth to his own capital, and reduced to ashes an infinite number of towns and villages, carrying the women and children into captivity. After investing the capital for some time, the Chinese emperor offered to purchase a peace, to which Jenghis-khan agreed, and received five hundred young lads of the noblest families, three thousand horses, and a large sum of money. On his return home he ordered all the lads to be massacred, and regardless of his word returned to the siege of the capital, which he took after much difficulty, and thereby extended his dominions to the Pacific Ocean.

He then turned his arms westward, and after a series of conflicts, subdued the Turks. Having thus

তাতার দেশ জয় করিবার সময়ে বিপক্ষ লোকেরদের সহিত কেবল মাঠেতে জঙ্গীসখাঁয়ের যুদ্ধ করিতে হইল; যেহেতুক সে খানে সদুর্গ নগর ছিল না কিন্তু চীন দেশ ও পূর্ব্ব ও দক্ষিণ দেশ দুর্গ ও শক্ত স্থানেতে ব্যাপ্ত ছিল, তৎপ্রযুক্ত তাহা জয় করিতে জঙ্গীসখাঁয়ের আট বৎসর বিলম্ব হইল. তাহাতে যুদ্ধস্থল রক্তাভিষিক্ত ও অনেক প্রাণিহত্যা হইল. এক সময়ে চীনের রাজা যুদ্ধস্থলে এক লক্ষ সৈন্য আনিয়া জঙ্গীসখাঁকে পরাজিত করিল, কিন্তু জঙ্গীসখাঁ শীঘ্র আপন পতনহইতে উঠিলেন. ১২১৪ সালে জঙ্গীসখাঁ চীন দেশের অধিক ভাগ একেবারে উচ্ছিন্ন করিলেন, তাহার নব্বই নগর লইয়া তাহারদের তাবৎ ধন আপন রাজধানীতে পাঠাইলেন, ও বহুসংখ্যক ক্ষুদ্র বৃহৎ নগরাদি দাহ করিয়া তত্রত্য স্ত্রী ও বালকপ্রভৃতিরদিগকে যুদ্ধলব্ধ করিয়া দেশান্তরে বদ্ধ করিলেন. অপর চীনের রাজধানী বেষ্টন করিলে চীনের রাজা তাহার ক্ষমা ক্রয় করিলেন; জঙ্গীসখাঁ মহাকুলীনেরদের পাঁচ শত বালক ও তিন সহস্র ঘোড়া ও অনেক ধন লইয়া ক্ষান্ত হইলেন. পুনরাগমনকালে সেই পাঁচ শত বালকেরদের সংহার করিলেন, ও আপনি সন্ধিপত্র অন্যথা করিয়া পুনর্ব্বার সেই রাজধানী বেষ্টন করিলেন, এবং অনেক পরিশ্রমে তাহা লইলেন তাহাতে তাহার অধিকার প্রশান্ত সাগর পর্য্যন্ত পঁহুছিল.

ইহারপর তিনি পশ্চিম দিকে গেলেন এবং তুরুকেরদিগকে জয় করিলেন, ও আপন মহারাজ্যে স্থিরব্যবস্থা করিলেন, ও

consolidated his vast empire, he sought and obtained the amity of Mahmood of Kharazm, the most potent monarch, himself excepted, in all Asia. For some time there subsisted such friendship between them that one might have travelled without danger through the territories of either, laden with gold and silver. Sultan Mahmood however soon manifested tokens of uneasiness at Jenghis-khan's greatness, and began to treat the Moguls with great disrespect.

He likewise carried himself with great haughtiness to the Calif at Bagdad, who secretly dispatched a messenger with his credentials inscribed on his head to prevent detection, to Jenghis-khan, inviting him to attack Mahmood. Jenghis-khan anxious to preserve peace, and to improve his own extensive dominions by a traffic with those of Mahmood, neglected the invitation, and passing over the malicious actions of his rival dispatched fifty merchants to Otrâe, who were barbarously murdered by the governor, in the dominions of Mahmood, and it was strongly suspected with the privity of his master. Jenghis-khan hearing of this outrage, resolved to declare war; and having

আসিয়ার মধ্যে আপনাভিন্ন আর সকলহইতে মহারাজ কারাজিমের বাদশাহ মহম্মদের সহিত মিত্রতা যাজ্ঞা করিয়া পাইলেন. কতক দিনপর্য্যন্ত ঐ উভয়ের পরস্পর এমত মিত্রতা হইল যে কোন ব্যক্তি স্বর্ণ ও রূপ্য বোঝাই করিয়া উভয় দেশে স্বচ্ছন্দে নির্ভয়ে গমনাগমন করিতে পারিত. কিন্তু সুলতান মহম্মদ জঙ্গীসখাঁয়ের মহৈশ্বর্য্য দেখিয়া অত্যন্ত ঈর্ষা প্রকাশ করিতে লাগিলেন, এবং মোগলেরদিগকে অসংভ্রম করিতে লাগিলেন.

কতক দিন পরে সুলতানমহম্মদ বাগদাদস্থিত কালিফের নিকটে আপন অহঙ্কারিত্ব প্রকাশ করিলেন. তাহাতে ঐ কালিফ পথে ধরা না পড়নের কারণ এক দূতের মস্তকে আপন কোন চিহ্ন দিয়া, তাহাকে জঙ্গীসখাঁয়ের নিকটে গুপ্তরূপে পাঠাইলেন, ও জঙ্গীসখাঁকে সুলতান মহম্মদের উপরে আক্রমণ করিতে আহ্বান করিলেন. জঙ্গীসখাঁ সুলতান মহম্মদের সহিত বন্ধুতা অচল রাখিবার জন্যে, ও সুলতান মহম্মদের দেশের সহিত বাণিজ্যদ্বারা আপন দেশের বাণিজ্যবৃদ্ধি করিবার জন্যে চেষ্টান্বিত হইয়া, সে আহ্বান স্বীকার করিলেন না. এবং তিনি মহম্মদের প্রাতিকূল্যাচরণ গ্রাহ্য না করিয়া তাহার দেশে আত্রয়ী নগরে পঞ্চাশ জন মহাজনকে পাঠাইলেন; পরে ঐ নগরের অধ্যক্ষ ঐ পঞ্চাশ জন মহাজনকে অতিনির্দয়তারূপে নষ্ট করিল. ইহাতে বোধ হইল যে সে আপন প্রভুর অনুমতি ব্যতিরেকে এমত কর্ম্ম করে নাই. জঙ্গীসখাঁ এই শঠতানুভব করিয়া যুদ্ধ করিতে নিশ্চয় করিলেন এবং

written to his tributaries an account of the massacre, and roused their resentment, he collected an army of seven hundred thousand men to pour down on the innocent provinces of his rival. As the troops he was going to attack were courageous to a high degree, and experienced in the art of war, he made various regulations in his army, appointed his officers with great discernment, and improving the discipline of his soldiers. He begun his march in the year 1218. Mahmood collecting four hundred thousand troops, marched out to meet the Khan, and on the plains of Samark hand, fellin with a large detachment of the enemy under the command of Jugi the son of Jenghis-khan, and gave him battle before his father could join him.

The combat was obstinate and bloody, but neither side was able to claim the victory. In the evening Jugi retreated with his army in search of his father, and Mahmood the next morning, finding that he had lost a hundred and sixty thousand men the preceding day, retired also, not daring to risk another engagement, the loss of which would have been his utter ruin. Determined therefore to maintain a desultory warfare, he increased the garrisons of his chief cities, and gradually retreated before the Khan, who took city after city and pressed forward till his

আপন অধীন রাজারদের নিকটে এই দুষ্টতা বিষয়ক বৃত্তান্ত পাঠাইয়া তাহারদের ক্রোধ জন্মাইলেন, এবং সুলতান মহম্মদের নিরপরাধি রাজ্যের উপরে আপন ক্রোধাভিষেক করিবার জন্যে সাত লক্ষ লোক সংগ্রহ করিলেন. তিনি যে সৈন্যের উপরে আক্রমণ করিতে গেলেন, সে সৈন্য অতিসাহসী ও যুদ্ধকর্ম্মে বিশারদ, অতএব তিনি আপন সৈন্যে অনেক নূতন ধারা করিলেন, ও উৎকৃষ্ট জ্ঞানবান দেখিয়া সৈনাপত্য কর্ম্মে নিযুক্ত করিলেন, ও সৈন্যের মধ্যে নানা নিয়ম করিতে অত্যন্ত মনোযোগ করিলেন. ১২১৮ সালে তিনি যুদ্ধার্থে যাত্রা করিলেন. মহম্মদ চারি লক্ষ লোক একত্র করিয়া জঙ্গিসখাঁয়ের সহিত যুদ্ধ করিতে গেলেন. এবং পিতা পুত্র সাক্ষাৎ হওনের পূর্ব্বে সমরকন্দের মাঠে জঙ্গীসখাঁয়ের পুত্র জগীর অধীন অনেক সৈন্যের সহিত যুদ্ধ করিলেন.

সে যুদ্ধ অতিঘোরতর ও রক্তময় হইল কিন্তু কাহারো জয় নিশ্চয় হইল না. অপরাহ্নে জগী সৈন্য লইয়া আপন পিতার অন্বেষণার্থ গেল, এবং মহম্মদ প্রাতঃকালে দেখিলেন যে আপনার এক লক্ষ ষাটি হাজার সৈন্য মারা গিয়াছে; তাহাতে পুনর্যুদ্ধে ভীত হইয়া ও ভাবিয়া প্রস্থান করিলেন, যে আমার এই মত দুর্দ্দশা পুনর্ব্বার হইলে সর্ব্বনাশ হইবে. অতএব ক্রমে২ যুদ্ধকরণেচ্ছাতে আপন অধিকৃত প্রধান২ নগরে অধিক সৈন্য সংস্থাপন করিলেন, এবং জঙ্গীসখাঁয়ের সম্মুখে ক্রমেং হটিলেন. জঙ্গীসখাঁ ক্রমে২ এক নগরের পর আর নগর এই প্রকারে নগর অধি

progress was arrested by the great city of Bokhara. The outward enclosure of this celebrated place was twelve leagues in circumference, within which were planted luxurious vineyards and fields. Arts and sciences flourished no where with more vigor than in this city, to which students flocked from all parts of Upper Asia. The Mogul army was encamped around it nine months, before they took the outward enclosure, after which the garrison despairing of success, sallied forth during the night, but being pursued by the enemy were all cut to pieces. The city soon after surrendered, and Jenghis-khan entering the great Mosque, and giving the principal Magistrate his horse to hold, took up the Koran and threw it under the feet of his horses. As soon as he was seated, his soldiers without the least regard to the sanctity of the place, began to eat and drink therein.

Then assembling the principal inhabitants he commanded them to bring him every thing of value which the city contained, giving them at the same time a promise of security; but understanding soon after that several of Mahmood's soldiers were concealed in the city, he ordered it to be set on fire, and as the houses were built of wood, it was entirely

কার করিতেং মহানগর বোখারাপর্য্যন্ত পঁহুছিলেন; কিন্তু সে খানে আসিয়া স্থকিত হইলেন. এই অতিশয় বিখ্যাত নগরের বেড় নয় ক্রোশ আয়ত ছিল এবং তাহার মধ্যে মনোহর উপবন ও ক্ষেত্র ছিল. সকলহইতে এই নগরের সুকর্ম্ম শিল্প ও বিদ্যার পুচার ছিল, এবং আসিয়ার সর্ব্বত্রহইতে অনেকং শিষ্যেরা সেখানে আসিয়া বিদ্যা শিখিল. জঙ্গীসখাঁ নয় মাসপর্য্যন্ত ঐ নগর বেষ্টন করিয়া শেষে ঐ বেড় অধিকার করিলেন. পরে নগরের সৈন্যেরা অনুপায় ভাবিয়া রাত্রিযোগে নগরহইতে বাহির হইয়া পলায়ন করিতে লাগিল. জঙ্গীসখাঁ তাহারদের পশ্চাৎং গিয়া নিঃশেষরূপে তাহারদের সংহার করিলেন. ইহার পর নগর জঙ্গীসখাঁয়ের অধীন হইল, পরে জঙ্গীসখাঁ তাহারদের মহামসজিদে পুবেশ করিয়া ঘোড়াহইতে নামিয়া ঐ নগরাধ্যক্ষকে আপন ঘোড়া ধরিতে আজ্ঞা করিলেন, এবং কোরান লইয়া ঘোড়ার পদতলে ফেলিলেন; অপর তিনি সেখানে বসিলে তাহার সৈন্যেরা সে স্থানের পবিত্রতা গ্রাহ্য না করিয়া আহার ও পান করিতে লাগিল.

তাহার পর তিনি নগরের উত্তমং বস্তু আপনার সম্মুখে আনিতে নগরের পুধান লোকেরদিগকে আজ্ঞা করিলেন, ও কহিলেন যদি তোমরা আপনং সম্পত্তি আন তবে নিরুদ্বেগে থাকিবা; কিন্তু পরে তিনি শুনিলেন যে মহম্মদের কতক সৈন্য গুপ্তরূপে নগরে আছে, এই অনুসন্ধান পাইয়া তিনি ঐ নগর দাহ করিতে আজ্ঞা করিলেন, এবং নগরের সকল গৃহ কাষ্ঠময়ত্ব প্রযুক্ত ভস্মসাৎ হইল

consumed with the exception of the Sultan's palace which was built of stone. Thus he destroyed without the least remorse the renowned city of Bokhara, the seat of literature, and the glory of Northern Asia. After this he took the city of Otrâe, and put the garrison to the sword. Several other cities were afterwards captured, where great massacres were perpetrated.

Pursuing his route he arrived before the great city of Samarkhand, into which Mahmood had thrown one hundred and ten thousand men under thirty generals. A dispute arising between the inhabitants and the generals, the former opened the gates of the city to Jenghis-khan, who put thirty thousand of the garrison to the sword, and completely plundered the place. While he was besieging it Jenghis-khan detached thirty thousand troops in pursuit of the flying Mahmood, who, chased from city to city, was at length overtaken at Farzina, where his army was cut to pieces, and he and a few officers alone escaped. He then fled to a city on the borders of the Caspian sea. While engaged in his devotions, the Mogul horse appeared in view, and the Sultan had just time to embark on a boat on the Caspian sea, when the enemy arrived, and vainly attempted to reach him with their arrows. Soon after he fell ill, and landed on a little island, where having ap-

কেবল মহম্মদের রাজগৃহ থাকিল, যেহেতুক সে প্রস্তরময়. এই রূপে তিনি বিদ্যা নিবাসস্থান ও উত্তরাসিয়ার ভূষণস্বরূপ বোখারা নগর নির্দয়তা রূপে দগ্ধ করিলেন. ইহারপর তিনি আত্রেয়ী নগর লইয়া তন্মধ্যস্থিত মহম্মদের সকল সৈন্যকে হত করিলেন.

অনন্তরে তিনি আপনার নির্দিষ্ট পথে যাইতেং সমরকন্দের মহানগরের নিকটে পঁহুছিলেন, সেইখানে মহম্মদ এক লক্ষ দশ হাজার সৈন্য ও ত্রিশ সেনাপতি রাখিয়াছিলেন. পরে নগরের লোক ও সেনাপতিরদের সঙ্গে বিরোধ হইল, এবং নগরস্থ লোকেরা জঙ্গীসখাঁয়ের কারণ নগরের দ্বার খুলিয়া দিল. ইহাতে জঙ্গীসখাঁ সে নগর লইয়া ত্রিশ হাজার সৈন্য নষ্ট করিয়া নগর লুট করিলেন. তিনি যে কালে নগর বেষ্টন করিয়াছিলেন সেই কালে পলায়নশীল মহম্মদকে ধরিতে ত্রিশ হাজার সৈন্য পাঠাইলেন. পরে মহম্মদকে নগরেং তাড়াইলে শেষে মহম্মদ ফ্রাজীনা নগর আশ্রয় করিলেন, সেখানে তাহার সৈন্য উচ্ছিন্ন হইল, এবং তিনি ও তাহার অবশিষ্ট সেনাপতি পলায়ন করিলেন. মহম্মদ আপনি কাসপীয়ান সমুদ্রের নিকটবর্ত্তি এক নগরে পলায়ন করিলেন, সেখানে পারত্রিক কর্ম্ম করিতেং সম্মুখে মোগলেরদের ঘোটক দর্শন করিয়া এক ক্ষুদ্র নৌকাতে আরোহণ করিবামাত্র তীরহইতে বিপক্ষেরা শর নিক্ষেপ করিল, কিন্তু সে শর তাহার নিকটে পঁহুছিল না. কিছু কাল পরে তাহার অস্বাস্থ্য জন্মিল তাহাতে ক্ষুদ্র এক উপদ্বীপে নৌকাহইতে নামিলেন, এবং

pointed his son Jallalooddin to succeed him, he expired in the most abject poverty under cover of a little tent. His first minister of state washed his body with his own hands, and wrapped it up in a shirt, having no other linen in which to bury it. Thus perished the great Mahomed, emperor of Kharazm, leaving Asia to his rival.

At the time of Mahomed's death, a considerable number of towns still acknowledged the Kharazmian authority, and many cities remained firm to its interest. The Mogul army was however so situated that Jallalooddin was obliged to maintain a running fight with his enemy. Mahomed's queen still reigned in the capital, a woman as remarkable for her cruelty and her hatred to Jallalooddin, as for her ability. She fell at length into the hands of the Khan who fed her with crumbs from his own table like a dog, and carried her about in triumph through the provinces over which she had formerly ruled. In the mean time he dispatched his three sons to besiege the capital of Kharazm, which made a very brave resistance. Jallalooddin was at this time flying before his enemies and could therefore give it no succour. After a long siege, the Moguls with infinite labor turned the course of the river, which enabled them to fill up the ditch and make nearer attacks. The town surrendered by degrees,—its

আপন পুত্র জলালুদ্দীনের হস্তে আপন পদার্পণ করিয়া এক ক্ষুদ্র ছাউনিতে অতিদুঃখিরূপে প্রাণত্যাগ করিলেন. তাহার প্রধান উজীর তাহার মৃত শরীর আপন হস্তদ্বারা প্রক্ষালন করিল, এবং অন্য বস্ত্রাভাবপ্রযুক্ত আপনার বস্ত্রেতে তাহার শরীর বেষ্টন করিল. এইরূপ কারাজিমের মহাবাদশাহ আপন বিপক্ষেরদের ভোগের কারণ আসিয়া পরিত্যাগ করিয়া মরিলেন.

মহম্মদের মরণ কালে অনেক নগর কারাজিমের অধিকারে থাকিল, তথাপি মোগলের সৈন্য এমন স্থানেং স্থাপিত ছিল যে জলালুদ্দীন অস্থিররূপে যুদ্ধ করিলেন. মহম্মদের স্ত্রী ঐ রাজধানীতে রাজ্য করিতে লাগিলেন; তিনি যেমন জ্ঞানেতে ও নির্দয়তাতে তেমনি জলালুদ্দীনের প্রতি দ্বেষেতে খ্যাতা ছিলেন. কতক কাল পরে সে স্ত্রী জঙ্গীসখাঁয়ের হস্তগতা হইলেন ও তিনি তাহাকে কুক্কুরীবৎ আপন ভুক্তাবশিষ্ট আহার দিতে লাগিলেন, এবং যে প্রদেশে ঐ স্ত্রীর অধিকার ছিল সেখানে তাহাকে দাসীর মত লইয়া গিয়া অসংভ্রমরূপে ইতস্ততো দর্শন করাইলেন. ইতোমধ্যে জঙ্গীসখাঁ আপন তিন পুত্রকে কারাজিমের রাজধানী বেষ্টন করিতে পাঠাইলেন, কিন্তু সে অতিদৃঢ়রূপে যুদ্ধ করিয়া স্বাধীন রহিল. এতৎ কালে জলালুদ্দীন আপন বিপক্ষেরদের অগ্রে পলায়ন করিলেন, এবং ঐ নগরের কোন উপকার করিতে পারিলেন না. মোগলেরা অনেকক্ষণ নগর বেষ্টন করিলে পর অতিশয় যত্নপূর্ব্বক নিকটবর্ত্তি নদী অন্য দিকে ফিরাইল, এবং তাহার মৃত্তিকা লইয়া নগরের নরদামা পূরাইলে নিকটে যুদ্ধ করিল, তাহাতে ক্রমেং সে নগর

defend rs retired from post to post and greatly annoyed the Moguls. Seeing at length no further hope of holding out, the soldiers set fire to the place, and the son of Jenghis-khan in revenge for this act put a hundred thousand of the inhabitants to the sword, and sent the rest into slavery. These amounted to so great a number, that twenty-four prisoners are said to have fallen to the lot of each private soldier.

The capital of Kharazm was taken in the year 1221, and many other cities warned by its fate, submitted to the conqueror. At Termid Jenghis-khan put the whole garrison to the sword. The inhabitants of Nesa to the amount of seventy thousand, were likewise drawn out in a plain and shot.

After this, he proclaimed a general hunt in order to keep his soldiers in action. In the summer of 1221 he besieged the great city of Balk, a place of great wealth owing to its extensive traffic, and containing many buildings of exquisite workmanship, twelve hundred temples, and two hundred baths. The inhabitants on his first approach delivered up the city to him, which he plundered of every thing valuable. He then dispatched eighty thousand troops in pursuit of Jallalooddin, under the command of his son Tali, who not being able to over-

অধিকৃত হইল. নগররক্ষকেরা এক দুর্গহইতে অন্য দুর্গে হটিয়া আইল ও মোগলেরদিগকে অনেক কষ্ট দিল. শেষে নগররক্ষকেরা অনুপায় ভাবিয়া নগর দাহ করিল. পরে জঙ্গীস খাঁয়ের পুত্র ইহার প্রতিফল দিবার নিমিত্ত সে নগরের এক লক্ষ লোকেরদিগকে নষ্ট করিলেন, ও অবশিষ্ট লোকেরদিগকে দাস করিবার জন্যে কএদ করিয়া লইয়া গেলেন, তাহাতে এত লোক কএদ হইল যে জঙ্গীসখাঁয়ের সৈন্যের প্রতিজনের জিম্মাতে চব্বিশ জন দাস করিয়া ভাগ হইল.

১২২১ সালে তাহারা কারাজিমের রাজধানী লইল, এবং অন্যং নগর ইহার দুর্দশা দেখিয়া এই জিষ্ণু জঙ্গীসখাঁয়ের অধীন হইল. জঙ্গীসখাঁ তলমি নগর লইয়া সকল রক্ষক লোককে নষ্ট করিলেন. এবং নিসা নামে নগরের সত্তরি হাজার লোকেরদিগকে মাঠে লইয়া একং করিয়া বধ করিলেন.

ইহারপরে আপন সৈন্যের আলস্যানুৎপত্তির কারণ এক মহা মৃগয়া প্রকাশ করিলেন. ১২২১ সালের গ্রীষ্মকালে তিনি বলখের মহানগর বেষ্টন করিলেন, সেই নগর বহু বাণিজ্যপ্রযুক্ত অধিক ধনস্থান ছিল, তাহার মধ্যে অতিশয়োৎকৃষ্টরূপে গ্রথিত অনেক অট্টালিকা ও বার শত মন্দির ও দুই শত স্নানাগার ছিল. তিনি আগতমাত্র লোকেরা তাহার হস্তে ঐ নগর সমর্পণ করিল, এবং তিনি তাহার তাবৎ সমূল্য দ্রব্য আপনি লুঠিয়া লইলেন. পরে আপন পুত্র তলীর অধীন আশী হাজার সৈন্য

take him, laid close siege to Maru. He offered to capitulate, and endeavoured to make the best terms in his power. Tali, promised to spare him, and four hundred of his friends, on condition of their delivering to him a list of the rich men of the city. With this clue, he first obtained all their wealth, and then ordered all the inhabitants to leave the city and encamp on a plain. So populous was the city that four days were occupied in quitting it. When they arrived on the plain, they were all put to death to the number of one hundred thousand, according to the register kept by the secretaries. This was the fourth time this city had been plundered, and more than fifty thousand were massacred on the three former captures.

After this, hearing that Jallalooddin had entered Nishabur, Tali laid siege to it. The defendants behaved like lions, but on the third day a secret passage was discovered, through which he entered the city, massacred all the inhabitants, and razed it to the foundation, so that twelve days were spent in numbering the dead, and one of the historians calculates that in this and the surrounding cities,

জলালুদ্দীনের পশ্চাৎ পাঠাইলেন. তলী তাহাকে ধরিতে না পারিয়া মারু নগর বেষ্টন করিলেন. মারু নগরের অধ্যক্ষ ঐ নগর তাহাকে দিবার কারণ পেগাম করিয়া পাঠাইল, কিন্তু আপন শক্ত্যনুসারে আপনারদের কুশল চেষ্টা করিল. তাহাতে তলী প্রতিজ্ঞা করিয়া তাহাকে কহিলেন, যে যদি তুমি সত্যরূপে তোমার নগরস্থ তাবৎ ধনবান লোকেরদের সম্পত্তির হিসাব আমাকে দেও তবে তোমার ও তোমার চারি শত বন্ধু লোকের কোন ব্যাঘাত হইবে না. তিনি এই রূপে অনুসন্ধান করিয়া ভাগ্যবান লোকেরদের তাবৎ ধন লইয়া তাহারদিগকে নগরের বাহিরে ছাউনি করিতে আজ্ঞা করিলেন. সে নগর এমত লোকেতে পূর্ণ ছিল যে লোকেরদের বাহিরে যাইতে চারি দিন বিলম্ব হইল. পরে মাঠে পঁহুছিলে তাহারদের সকলকে নষ্ট করিলেন, তাহাতে যে মুহুরিরা তাহারদের নাম লিখিয়াছিল তাহারা গণনা করিয়া দেখিল যে এক লক্ষ লোক মারা গিয়াছে. এই চতুর্থ বার সে নগর লুঠ করা গেল, এবং পূর্ব্ব২ লুঠের কালে পঞ্চাশ হাজার লোকের ন্যূন মরে নাই.

অনন্তর তলী শুনিলেন যে জলালুদ্দীন নিশাবর নামে নগরে পলায়ন করিয়া আছে, তন্নিমিত্ত তিনি সে নগর বেষ্টন করিলেন. নগর রক্ষকেরা তাহার সহিত সিংহের মত যুদ্ধ করিল, কিন্তু তৃতীয় দিবসে একটা গুপ্ত পথদ্বারা তলী তাহাতে প্রবেশ করিয়া সেখানে এত লোকবধ করিলেন যে মৃত লোক গণনা করিতে বার দিন লাগিল, ও ভিটামাটী সুদ্ধ সে নগর উচ্ছিন্ন হইল. তৎকালীন এক

one million seven hundred thousand men were put to death. Herat soon after submitted to the conqueror, with almost all the cities on the west of the Indus. Jallalooddin though in one engagement victorious over the Moguls, was obliged to fly before their legions. After a long pursuit, Jenghis-khan came up with him on the banks of the Indus, and a dreadful conflict ensued. Jenghis-khan knowing that he had a vigilant enemy to deal with, exerted all his skill, and Jallalooddin notwithstanding his bravery and skill was defeated.

Jenghis-khan, anxious to take him alive arranged his troops in the form of a bow, of which the river constituted the string. Jallalooddin perceiving that there was but one way of escape, namely by crossing the Indus, took a tender farewell of his wife and children, and putting off his armour, with the exception of his sword, bow and quiver, mounted a fresh horse, and plunged into the Indus. Jenghis-khan followed him to the shore, and beheld his horse combating the waves;—the Sultan stopped in the midst of the stream to consult him, and vainly emptied his quiver against him. Jenghis-khan was so struck with his courage that he would not allow any of his generals to pursue him, but turning to his family exclaimed, 'what son would not be happy to have

ইতিহাসবক্তা এই গণনা করিয়াছে যে সত্তর লক্ষ লোক ঐ নগরে ও চতুর্দিকস্থ নগরে মরিয়াছে. পরে হিরাট নগর ও সিন্ধু নদীর পশ্চিম তাবৎ নগর তাহার হস্তগত হইল. জলালুদ্দীন একবার মোগল সৈন্যেরদের পরাজয় করিয়াছিলেন বটে তথাপি তাহারদের সম্মুখহইতে শেষে তাহার পলায়নাবশ্যক হইল. অনেক দিনের পর সিন্ধু নদীর তীরে জঙ্গীসখাঁ জলালুদ্দীনের সহিত মিলিলেন, এবং উভয়ের মহাযুদ্ধারম্ভ হইল. চতুর্দ্দিগ্ঘূর্ণি বিপক্ষের সহিত যুদ্ধ করণাবশ্যকত্বপ্রযুক্ত জঙ্গীসখাঁয়ের তাবৎ জ্ঞান প্রকাশ করিতে হইল. তাহাতে জলালুদ্দীন সাহস ও জ্ঞানেতে সম্পন্ন হইয়াও পরাজিত হইলেন.

জঙ্গীসখাঁ জলালুদ্দীনকে জীবৎ ধরিতে বাসনা করিয়া ধনুকের আকারবৎ আপন সৈন্য সংস্থাপিত করিলেন, সিন্ধু নদী সে ধনুকের গুণরূপা. পরে জলালুদ্দীন সিন্ধু নদী ব্যতিরেকে আর পলায়ন পথ না দেখিয়া আপন সন্তান ও স্ত্রীর নিকটে বিদায় হইলেন, ও অন্য অস্ত্র ত্যাগ করিয়া কেবল তরবাল ও ধনুর্ব্বাণ লইয়া এক উৎকৃষ্ট ঘোটকারোহণপূর্ব্বক সিন্ধু নদীতে ঝম্প দিলেন. জঙ্গীসখাঁ তীরপর্য্যন্ত আসিয়া দেখিলেন যে তাহার ঘোটক সিন্ধু নদীর তরঙ্গের সহিত যুদ্ধ করিতেছে. সুলতান জলালুদ্দীন নদীর মধ্যখানে স্থিত হইয়া জঙ্গীসখাঁকে তিরস্কার করিতে ও আপন তরকোচের বাণ খালাস করিতে লাগিলেন. জঙ্গীসখাঁ তাহার সাহস দেখিয়া আপন কোনহ সেনাপতিকে তাহার পশ্চাৎ যাইতে দিলেন না ও স্বয়ং জলালুদ্দীনের পুত্রের

sprung from such a father?' Jallalooddin, having crossed the river was obliged to pass the first night in a tree to avoid wild beasts. Soon after several of his generals joined him, and he made several conquests in Hindoost'han; but, his father's empire was dissolved beyond redemption, and the future course of Jallalooddin was unprosperous.

In the battle on the banks of the Indus Jenghis-khan lost twenty thousand troops. After the engagement he sent his generals into Persian Irak, and afterwards into Georgia, both of which countries he completely subdued. Jenghis-khan, himself went into Kandahar, and conquered it, while one of his generals, crossing the Indus brought Mooltan into subjection. Goozerat held out long against another of his generals, but was at length taken a second time, and the Moguls boasted that in the expedition against this town they had slaughtered sixteen hundred thousand men. Soon after Gujni the former capital of Eastern India, was taken by his son, and

নিকটে আসিয়া কহিলেন, যে এমন পিতাহইতে জন্ম লইয়া কোন পুত্রের অহঙ্কার না জন্মে. জলালুদ্দীন নদী পার হইয়া পশ্চভয়প্রযুক্ত প্রথম রাত্রিতে এক গাছের উপরে শয়ন করিলেন. কিছু কাল পরে তাহার কতক সেনাপতি তাহার সহিত মিলিল ও তিনি হিন্দুস্থানের মধ্যে কতক প্রদেশ জয় করিলেন, কিন্তু তাহার পিতার রাজ্য এমত ভ্রষ্ট হইল যে আর কখনও তাহার একত্র হওনের প্রত্যাশাও রহিল না. ইহার পরে জলালুদ্দীনের যে কালক্ষেপ হইল সে প্রায় দুর্ভাগ্যেতে পর্য্যবসন্ন.

সিন্ধু নদীর তীরে যে যুদ্ধ হইয়াছিল তাহাতে জঙ্গীসখাঁয়ের বিশ হাজার সৈন্য মারা পড়িয়াছিল; সে যুদ্ধের পর তিনি পারসী দেশস্থিত ইরাকে আপন সৈন্য পাঠাইলেন, তৎপরে তাহার দিগকে জর্জিয় দেশে পাঠাইলেন. তিনি সেই দুই দেশ জয় করিলেন. অনন্তর জঙ্গীসখাঁ স্বয়ং গান্ধার দেশে গমন করিয়া সে দেশে আপন জয়পতাকা উঠাইলেন. ইতোমধ্যে তাহার এক সেনাপতি সিন্ধু নদী পার হইয়া মুলতান দেশ আক্রমণ করিল. তাহার অন্য সেনাপতি গুজরাটে গেল কিন্তু গুজরাটের রাজা অনেক কালপর্য্যন্ত আপন নগর লইতে দিলেন না. দ্বিতীয় বার ঐ সেনাপতি সে নগর অধিকার করিল, ও তৎকালে মোগলেরা অহঙ্কারপূর্ব্বক কহিল যে আমরা এই নগরে ষোল লক্ষ মনুষ্যের মস্তক ছেদন করিয়াছি. পরে জঙ্গীসখাঁয়ের পুত্র পশ্চিম হিন্দুস্থানের পূর্ব্ব রাজধানী নগর গজনেন আ

spared from destruction. After all these expeditions the Great Khan returned to Bokhara, which had recovered in some measure from its desolation, there he held a conference with the learned about the Mahomedan religion, which they said to consist in five points: 1*st*. In the belief of one God, the creator of all things, who had no equal. 2*ly*. In giving the poor one-fourth of their yearly income. 3*ly*. In praying to the deity five times a day. 4*ly*. In setting apart one month of the year for fasting. 5*ly*. In making a pilgrimage to the temple of Mecca, there to worship God. Jenghis-khan told them he believed the first article and the next three, but was displeased with the last, saying, the whole world was God's, and that it was ridiculous to suppose one place more fit than another for worshipping him.

His next expedition was against Astrakhan, the inhabitants of which submitted to him, and so far gained his favor, that he remitted the taxes to them for several years. In the year 1224 he convened at Tokat a grand diet, which he ordered all his generals, his tributary princes, and the ambassadors of his allies to attend. There he feasted them a whole month on an

ক্রমণ করিলেন, কিন্তু নষ্ট করিলেন না. এই সকল যুদ্ধের পরে ঐ মহাখাঁ বোখারা দেশে পুনর্গমন করিলেন, যেহেতুক বোখারা দেশ ছিন্নপুরঢ় হইয়াছিল. সেখানে তিনি জ্ঞানবান মুসলমানেরদের সহিত তাহারদের মতের বিষয়ে বাদানুবাদ করিলেন; তাহাতে মুসলমানেরা উত্তর করিল যে আমারদের এই পাঁচ স্থূল আরাধনার পথ. প্রথমতঃ সকলের সৃষ্টিকর্ত্তা অতুল্য অদ্বিতীয় ঈশ্বরেতে ভক্তি করা. দ্বিতীয়তো দরিদ্র লোকেরদিগকে বৎসরীয় উপার্জ্জনের চতুর্থাংশ দান. তৃতীয়তো দিনের মধ্যে পাঁচবার আরাধনা. চতুর্থতো বার মাসের মধ্যে এক মাস উপবাস করা. পঞ্চমতো আপন জীবনের মধ্যে এক বার মক্কাতে গিয়া ঈশ্বরারাধনা করা. ইহাতে জঙ্গীসখা উত্তর করিলেন যে প্রথম চারি বিষয় আমার গ্রাহ্য কিন্তু পঞ্চম আমার অমনোনীত, যেহেতুক সকল পৃথিবী ঈশ্বরের অতএব এক স্থানহইতে যে অন্য স্থান ঈশ্বরারাধনা বিষয়ে উপযুক্ত সে হাস্যাস্পদ.

ইহারপরে অত্রাখানের প্রতিকূলে জঙ্গীসখাঁয়েরগমন হইল. অত্রাখানের লোকেরা জঙ্গীসখাঁয়ের নিকটে নম্র হইয়া তাহার কৃপা এত পাইল যে কতক বর্ষপর্য্যন্ত জঙ্গীসখাঁ তাহারদের রাজকর ক্ষমা করিলেন. ১২২৪ সালে তিনি তোকাত নগরে দেশের মহাসভা একত্র করিলেন. সেখানে তিনি সেনাপতিরদিগকে ও আপনার অধীন রাজারদিগকে ও আপন মিত্র রাজারদের উকীলেরদিগকে একত্র করিলেন. তাহারদিগকে এক

immense plain, and distributed rich presents. The plain though twenty-one miles in length, could scarcely contain the immense crowd that was assembled. From the eastern borders of China to the west of Persia, and from the farthest northern extremity of Tartary, princes flocked to the assembly. The chamber of audience was supposed to hold two thousand. A magnificent throne was erected in it, which, to remind the Khan of his former poverty, was covered by his order with the same cushion on which he had sat when chief of only his native province. On the top of each tent, the richest silks were suspended, which gave this immense town the most splendid appearance. Seated on his throne, the Khan made a speech to the assembly, and ordered the laws he had enacted to be read, after which he dismissed it.

Unsated with conquest, he next carried his arms into several parts of China which had not submitted to him; and into the northern provinces of India. He next conquered Korea, and the kingdom of Hya, and a tribe of independent Turks.

In the beginning of the year 1227 he fell ill near a forest in the Chinese empire, and considering his end approaching, resolved to appoint a successor. To this purpose he ordered his sons and the princes of

মাঠে নানা প্রকার সুখে এক মাসপর্য্যন্ত ভোজন করাইয়া পরে তাহারদিগকে উত্তম পারিতোষিক দিলেন. সে মাঠ সাড়ে দশ ক্রোশ লম্বা ছিল তথাপি সে সকল লোকের কারণ সেখানে স্থান কুলাইল না. সেখানে চীন দেশের পূর্ব্ব সীমাহইতে ও পারসী দেশের পশ্চিম সীমাহইতে ও উত্তরে তাতার দেশের উত্তরসীমা হইতে লোক সমাগম হইয়াছিল. জঙ্গীসখাঁয়ের মজুরাগাহেতে অনুমান দুই হাজার লোক ধরিত. তাহার মধ্যখানে অত্যন্ত শোভাযুক্ত এক সিংহাসন ছিল, ও আপন পৈতৃক রাজ্যমাত্র ভোগ করিবার কালে যে আসনে তিনি বসিতেন সে আসন আপনার পূর্ব্বকালীন দরিদ্রতা স্মরণের কারণ ঐ সিংহাসনের উপরে বিস্তীর্ণ ছিল. প্রত্যেক তাম্বুর উপরে উৎকৃষ্ট রেশম ছিল, তাহাতে ঐ ছাউনিরূপ মহানগর অত্যন্ত ঐশ্বর্য্যশালী দেখা যাইত. তিনি ঐ সিংহাসনের উপরে বসিয়া সুন্দর বক্তৃতা করিলেন, এবং স্বকৃত ব্যবস্থা পাঠ করিতে আজ্ঞা করিলেন, পরে সিংহাসনহইতে নামিলে সভা ভাঙ্গিল.

আপনার দেশ জয় করণ বায়ু নিবৃত্ত না হওয়াতে তিনি হিন্দুস্থানের উত্তর ভাগস্থ চীন দেশে জয়াবশিষ্ট দেশ জয় করিতে সসৈন্য প্রস্থান করিলেন, এবং কোড়িয়া দেশ ও হেয়া দেশ ও স্বাধীন তুরুকেরদের এক জাতিকে তিনি অধিকার করিলেন.

১২২৭ সালে চীন রাজ্যের এক বনেতে তিনি রোগগ্রস্ত হইলেন, এবং আপন মরণাবধারণ করিয়া আপন পদে অন্যকে বসাইতে স্থির করিলেন, অতএব আপন পুত্র ও পরিজনেরদিগ

the blood to be called before him; then raising himself up, with that majestic look that had always gained him respect and awe, he said, 'I leave you the mightiest empire in the world; if you will preserve it, always continue united, if discord steals in among you, you will inevitably be ruined.' After this he appointed his son Oktay Grand Khan of khans, and expired. His body was interred with great magnificence in a place which he had chosen for that purpose under a beautiful tree, where on his return from hunting he had reposed himself a few days before with great satisfaction. A noble monument was erected over his grave, and those who came to visit the tomb planted other trees round it in such delicate order, that it became in a short time one of the finest sepulchres in the world.

Jenghis-khan possessed all the qualities requisite for a great conqueror, a genious to plan grand enterprizes, consummate wisdom and prudence; a natural flow of eloquence, extraordinary patience; a large understanding, and a penetrating judgment; but all these virtues were sullied by his extreme cruelty. No conqueror ever erected so mighty an empire in so short a time, and few have been more stained with crimes and bloodshed. His dominions

কে ডাকিলেন ও যে প্রতাপী মুখ দেখিয়া লোকেরা তাঁহাকে ভয় ও সম্ভ্রম করিত, সেই মুখ উঠাইয়া কহিলেন, যে হে পুত্রেরা আমি পৃথিবীর মধ্যে সকলহইতে মহারাজ্য তোমারদিগকে দিতেছি; কিন্তু যদি ইহা রক্ষা করিতে বাসনা কর তবে একবাক্যতাতে থাক, যদি তোমারদের মধ্যে বিবাদ প্রবিষ্ট হয় তবে সর্ব্বনাশ হইবে. পরে তিনি আপন পুত্র অক্তায়ীকে মহাখাঁ নামে খ্যাত করিয়া পরলোকপ্রাপ্ত হইলেন. ইহার পুর্ব্ব কতক দিন হইল তিনি মৃগয়া করিতে গিয়া এক বৃক্ষতলে বিশ্রাম করিয়াছিলেন; তৎকালে সেই স্থান আপন কবরের নিমিত্ত পছন্দ করিয়াছিলেন, তাহাতেই অন্ত্যেষ্ঠ্যরূপে সেখানে তাহার শব রাখা গেল. তাহার কবরের উপরে সুন্দর ঘর গাঁথা গেল, এবং ঐ কবরের দর্শনার্থ যখন যে যাইত তখন ঐ কবরের চারি দিকে সুন্দরং বৃক্ষ রোপণ করিত; এইপ্রযুক্ত অত্যল্প দিনের মধ্যে সে পৃথিবীর মধ্যে সকলহইতে অতিসুন্দর কবর হইল.

মহাজয়শীল ব্যক্তির যেং গুণ অপেক্ষিত সে সকল জঙ্গীসখাঁয়ের ছিল, অর্থাৎ মহাকীর্ত্তির পাগুলেখ করিবার গুণ, এবং অতুল্য জ্ঞান, ও অব্যাহত গতি, ও জল স্রোতের মতসদ্বস্তুতা, ও মেধাবিত্ব, ও তীক্ষ্ণবুদ্ধিতা, কিন্তু তাহার এই সকল গুণ নির্দ্দয়তাতে আচ্ছাদিত ছিল. কোন জিষ্ণু ব্যক্তি এত অল্পকালে এমত মহারাজ্য সৃষ্টি করে নাই এবং কোন ব্যক্তি দোষে ও রক্তেতে আপন হস্ত এত

extended five thousand four hundred miles from east to west, and three thousand from north to south; and the Chinese historians relate, that during his career which lasted twenty-two years, he put to death eighteen millions of human beings. This is beyond belief, but the massacres he committed, must have been enormous to have occasioned such a report. He had a great number of wives and many children;—some have exalted the number of his concubines to five hundred.

The laws which he enacted, were so excellent that they are to this day held sacred in Tartary. Timur-beg, who was born one hundred and eleven years after him, caused them to be observed throughout his empire.

(To be continued.)

Of the Treatment of the Dead among different Nations.

The mode in which different nations dispose of the bodies of the dead, is a subject of considerable interest, inasmuch as there are scarcely any two nations, among whom some difference is not observable in this respect.

The English, and all the nations of Christendom bury their dead. The Americans likewise, who emi-

মলিন করে নাই তাহার অধিকার দুই হাজার সাত শত ক্রোশ ব্যাপক, এবং উত্তর দিগহইতে দক্ষিণে পোনের শত ক্রোশ ব্যাপক ছিল. চীনের ইতিহাসবক্তা কহিয়াছেন যে তিনি বাইশ বৎসরে এক কোটি আশী লক্ষ লোক বধ করিয়াছেন, কিন্তু এই কথা অবিশ্বসনীয়; তথাপি এই মত জনরবে জানা যায় যে তাহার প্রাণি বধ করার শেষ নাই. তাহার অনেক স্ত্রী এবং অনেক সন্তান ছিল; কেহ২ তাহার স্ত্রী পাঁচ শত বর্ণনা করিয়াছে.

যে ব্যবস্থা তিনি প্রকাশ করিলেন সে এমত উত্তম যে সে ব্যবস্থা অদ্যপর্য্যন্ত তাহার দেশে চলে. এবং তাহারপর তৈমূরবেগ জন্মিয়া এক শত এগার বৎসর সেই ব্যবস্থা রাখিতে আজ্ঞা করিলেন.

(ইহার শেষ কথা আগামী ভাগে দেওয়া যাইবে.)

নানাদেশীয় লোকের শববিষয়ক ব্যবহার.

নানা দেশীয় লোকেরা যে প্রকারে মৃত শরীরের শেষ ক্রিয়া করে সে অগ্রাহ্য নহে, যেহেতুক এমন দুই জাতি নাই যে যাহারদের শববিষয়ক ক্রিয়াতে বৈলক্ষণ্য নাই.

ইংগ্লণ্ডীয়েরা এবং সকল খ্রীষ্টিয়ানেরা শব মৃত্তিকার মধ্যে পোতে. আমেরিকীয়েরা ইংগ্লণ্ডহইতে উঠিয়া গিয়া আমে

grated thither from England, and who now form a distinct nation, follow the customs of their ancestors. The body of the first President of their republic, Henry Laurens, was however, burnt by his own special directions. But this is a solitary instance of the practise.

Among the natives of Hindoost'han the Hindoos burn the bodies of their deceased relatives, and the Mahomedans bury them. Among the Burmans the general practice is burning. Criminals and those who die of diseases which are regarded as loathsome, are buried; but it is considered disgraceful.

Among the Hottentots, burial is the exclusive privilege of the king; all other bodies are thrown to the wild beasts without the least compunction. A great deal of barbarous indifference prevails among them in this respect, as they generally throw out into the fields the bodies of their friends, when they perceive the first symptoms of death. This arises from a belief that if death occurs in their habitations, it will entail on them a succession of calamities. They have therefore no funeral rites.

The inhabitants of New Holland place the dead bodies of their relatives upright in the hollow stumps of trees, and paint the skulls and bones partly white and partly red.

রিকাতে অনেক কালাবধি বসতি করিয়াছে ও স্বতন্ত্র রাজ্য হই য়াছে, তাহারাও আপন পূর্ব্ব পুরুষেরদের ব্যবহার ত্যাগ করে নাই. কিন্তু তাহারদের প্রধান অধ্যক্ষ হেনরি লারন্স সাহেব আপন মৃত শরীর আপনার আজ্ঞায় দগ্ধ করাইলেন; এই ব্যব হার সর্ব্বসাধারণ নহে একবারমাত্র হইয়াছিল.

হিন্দুস্থানে হিন্দু লোকেরা আপনারদের শব দাহ করে এবং মুসলমানেরা পোতে. ব্রুহ্মা দেশীয়েরদের মধ্যে দাহ ব্যবহার আছে, দুষ্ট লোকেরদের ও ঘৃণ্য রোগার্ত্ত জনেরদের শরীর পোতে এই ব্যবহার তাহারদের অসংভ্রমসূচক.

কাফ্রিরদের মধ্যে কবর দেওয়া কেবল রাজার উপযুক্ত, অন্যং শব নির্দ্দয়তারূপে বনে পশুরদের নিকটে ক্ষেপ করা যায়. এই বিষয়ে তাহারদের অত্যন্ত অসভ্য অনবধান আছে. যেহেতুক তাহারা মরিবার প্রথম চিহ্ন দেখিয়া আপন মিত্রেরদের শরীর বনে নিক্ষেপ করে. তাহারা ভাবে যে যদি কোন ব্যক্তি ঘরে মরে তবে অশেষ কালপর্য্যন্ত সেখানে দুর্ভাগ্য হইবে; অতএব তাহারদের কিছুমাত্র চরম ক্রিয়া নাই.

নবহলাণ্ডের লোকেরা আপনারদের মিত্র লোকের শব মহা বৃক্ষের কোটরের মধ্যে দণ্ডায়মান করিয়া রাখে এবং শবের মস্তক ও অস্থি শ্বেত কিম্বা রক্ত বর্ণ করে.

In South America some tribes on the Oronoco fasten their dead by a rope to the trunk of a tree on the shore, and sink the body in the river; in the course of twenty-four hours, the skeleton is completely stripped by the fish; after which the bones are carried home and preserved.

Another race of savages in the same region reduce the bones of the dead to powder, and as an act of piety mingle them with their food. Some of the Moxo tribe in that region have a similar custom. They make this powder into cakes with a mixture of maize, and consider it as the surest pledge of friendship to partake of this family meal among their friends.

The rudest mode of preserving the dead is found on the banks of the Congo in Africa. They do not bury them for six or seven years, but envelope them in cloth to defend themselves from the smell of putrefaction. The wrappers are successively multiplied according to the capacity of the relatives. In the case of rich and very great men the bulk of the body being increased by these various envelopes, the first hut in which the body was deposited becomes too small, and a second, a third and in some cases even a sixth, are added, each increasing in dimensions with the increase of the body. It is finally buried.

দক্ষিণামেরিকাতে অরুণকো নদীর তীরস্থ লোকেরা রজ্জুদ্বারা শব বান্ধিয়া জলের মধ্যে নিক্ষেপ করে, ও রজ্জু তীরস্থ বৃক্ষে বান্ধিয়া রাখে, তাহাতে মৎস্যেরা চব্বিশ ঘণ্টায় ঐ শবের সমুদায় মাংস খাইয়া যায় এবং অবশিষ্ট অস্থি তাহারা ঘরে আনিয়া রক্ষা করে.

তত্রস্থ অন্য এক অসভ্য জাতিয়া ঐ অস্থি ধূলিবৎ চূর্ণ করিয়া ধর্ম্ম ক্রিয়া জ্ঞানে খাদ্য দ্রব্যের মধ্যে মিশ্রিত করে. সেখানে মক্কোনামে জাতির আশ্চর্য্য ব্যবহার আছে; তাহারা জনারের আটার সহিত ঐ চূর্ণ মিশ্রিত করিয়া পিষ্টক করে এবং তাহারা মিত্রতা করিবার কালে ঐ গৃহজাত পিষ্টক ভোজন করে; সে সকলহইতে পরম মিত্রতার এক চিহ্ন.

মৃত লোকেরদিগকে রাখিতে সকলহইতে অপকৃষ্ট রীতি আফ্রিকা দেশের কঙ্গ নদীর তীরে আছে. তাহারা ছয় সাত বৎসর পর্য্যন্ত মৃত শরীর কবরে দেয় না, কিন্তু গন্ধ নির্গত না হওনের কারণ বস্ত্রের দ্বারা বেষ্টন করে; এবং তাহারা আপনারদের অর্থানুসারে ঐ বেষ্টনের বস্ত্র বাড়ায়; যদি কোন ভাগ্যবান লোক মরে তবে তাহার শরীরে এত বস্ত্র জড়ায় যে বস্ত্র জড়াইতেং এক ঘরে সে শব ধরে না, পরে অন্য ঘরে লইয়া রাখে সেখানেও ঐ রূপে বস্ত্র জড়াইতেং ধরে না, তাহাতে অন্য ঘরে লইয়া যায়; এই রূপ ছয় ঘরপর্য্যন্ত রাখিয়া পরে তাহাকে কবর দেয়.

A more loathsome custom prevails in Guiana. On the death of any of their chiefs his body is watched for thirty days by his wives, whose duty it is to keep close to it during that time, and not to suffer a single fly to settle on it, while its putrefaction attracts them by millions. At the end of that period it is buried, and one of the women with it for a companion.

In the Peruvian Andes, the dead are placed in towers, and not covered with earth. It has been said of the ancient Phrygians that when a priest died, they placed his body on a high pillar, as if he were to continue to instruct the people from thence after his death. The Persians are persuaded that if a true Moslem dies among the infidels, the angel of the grave will not permit his body to remain in such bad company, but will transport it through the air to a country of believers.

An old Mahomedan traveller who visited Serindeep or Ceylon, relates, that when the king died, his body was placed on a carriage in such a position that the head hung down to the ground; and that women followed it, throwing dust on the head of the corpse,

গিয়ানা দেশেতে ইহাহইতেও কুব্যবহার চলে; যখন তাহারদের মধ্যে কোন অধ্যক্ষ মরে তখন তাহার স্ত্রীরা ত্রিশ দিনপর্য্যন্ত সে শবত্যাগ করে না, সে শবের নিকটে তাহারদের সর্ব্বদা বসিয়া থাকিবার আবশ্যকত্ব. সে শরীরের দুর্গন্ধ লক্ষ২ মক্ষিকারদিগকে আকর্ষণ করে তথাপি তাহারা এমন সর্ব্বদা তাহার নিকটে থাকে যে এক মক্ষিকাও বসিতে পারে না. ঐ ত্রিশ দিনের পরে ঐ শবকে কবরে দেওয়া যায় ও তাহার সহিত সহবাসার্থে এক স্ত্রীকে তাহার সহিত কবরে দেয়.

পিরু দেশের পর্ব্বতীয় লোকেরা মৃত লোককে দুর্গের উপরে রাখে তাহার উপরে কিছু আবরণ করে না. পূর্ব্বকালে ফ্রিজিয়া দেশীয়েরদের মধ্যে অধ্যাপক মরিলে তাহার শব এই বোধ করিয়া কোন উচ্চ স্তম্ভের উপরে রাখে, যে সে মরণান্তেও লোকেরদিগকে উপদেশ দেয়. পারসী দেশীয় লোকেরা এই মত জ্ঞান করে যে যদি কোন সত্য মুসলমান অবিশ্বাসি লোকের মধ্যে মরে, তবে কবরের দূতেরা এমন মন্দ সভার মধ্যে থাকিতে দিবে না, কিন্তু আকাশ পথদ্বারা আনিয়া অবশ্য বিশ্বাসি লোকেরদের দেশে তাহাকে লইয়া রাখিবে.

প্রাচীন এক পথিক মুসলমান অনেক দিবসপর্য্যন্ত সিংহল দ্বীপে গিয়াছিল; সে লিখিয়াছে যে যখন কোন রাজা মরে তখন তাহার শব গাড়ীর উপরে এমত রাখে, যে তাহার মস্তক গাড়ীহইতে মৃত্তিকাপর্য্যন্ত ঝুলিয়া পড়ে এবং সেই মস্তকে ধূলি নিক্ষেপ করিতে২ তাহার পশ্চাৎ২ স্ত্রী লোকেরা যায়. তিন

After this spectacle had been exhibited for three days, the body was embalmed with sandal wood, camphor, and saffron; it was then burnt, and the ashes scattered to the winds.

One tribe among the Circassians embalm their chiefs in the following manner. They put the body in a wooden coffin, fasten it to the branch of some high tree, and leave a hole at the head that the defunct may look up to heaven. The bees quickly enter the coffin, and take possession of it as they would of a hollow tree, and embalm the body by covering it with honey and wax. When the season arrives, the people open the coffin and take out the honey for the purpose of selling it.

Of the Great Wall of China.

This wall is one of the greatest wonders of China, and in fact of the world. It constitutes the defence of the country on the side of Tartary. It extends fifteen hundred miles in length, and is of such thickness that six horsemen can easily ride abreast upon it. It is flanked with towers two bow shots distant from each other. It was erected two thousand years ago. This extraordinary work is carried on not only through the low lands, and vallies, but over hills and mountains; the highest of one of which was by a celebrated traveller computed at one thousand two

দিন এইরূপ করিয়া পরে সে শরীরে চন্দন ও কর্পূর ও কেসর এই তিন দ্রব্য পূর্ণ করিয়া রক্ষা করে, পরে সেই শরীর দগ্ধ করে এবং তাহার ভস্ম আকাশে উড়াইয়া দেয়.

